

## তথ্য সংশোধনের নির্দেশনা (EDIT OPTION)

প্রথম ধাপ : তথ্য সংশোধনের জন্য আবেদন গ্রহণ (২৮/১১/২০২০ হতে ০৪/১২/২০২০ তারিখ পর্যন্ত)।

দ্বিতীয় ধাপ : তথ্য সংশোধন ও ফরম সাবমিশন।

প্রথম ধাপ : আবেদন ফি জমা দেয়ার পর যেসব প্রার্থীগণ আবেদন সংশোধনের প্রয়োজনীয়তা মনে করছেন শুধুমাত্র সেসকল প্রার্থীগণই উল্লিখিত তারিখের মধ্যে নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে তথ্য সংশোধন ও হালনাগাদ করার জন্য আবেদন করবেন। গৃহীত আবেদনের প্রেক্ষিতে প্রার্থীর মোবাইল নাম্বারে এসএমএস এর মাধ্যমে তথ্য সংশোধন সংক্রান্ত নির্দেশনা প্রেরণ করা হবে। একই সাথে <http://dpe.teletalk.com.bd> ওয়েবসাইটে অনুরূপ নির্দেশনা প্রদর্শিত হবে। আবেদনের সময় প্রার্থী তার সংশোধনের ক্যাটাগরী উল্লেখ করতে পারবেন। ক্যাটাগরীতে প্রার্থীর ব্যক্তিগত, শিক্ষাগত ও উভয় বিষয়ে সংশোধন ক্যাটাগরী উল্লেখ থাকবে।

- দ্বিতীয় ধাপ :
- (i) সংশোধনের জন্য প্রার্থীর মোবাইল নাম্বারে এসএমএস নোটিশ প্রেরণের পরপরই নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করলে ফরমটি সংশোধনের জন্য উন্মুক্ত (Open) রাখা হবে।
  - (ii) সংশোধনের জন্য আবেদন পত্রে প্রদান করা প্রার্থীর মোবাইল নাম্বারে একটি Access ID প্রেরণ করা হবে। নির্দেশনা মোতাবেক Access ID ফরম-এ Insert করলে সংশোধনের জন্য ফরমটি দৃশ্যমান হবে।
  - (iii) প্রার্থীর শিক্ষাগত তথ্য (এসএসসি ও এইচএসসি) বিষয়ে প্রার্থীর সংশোধনের প্রয়োজন নাই। এসএসসি ও এইচএসসি বিষয়ের তথ্য (শিক্ষাবোর্ড কর্তৃক সংশোধিত হয়ে থাকলে) স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদ দেখতে পাবেন।
  - (iv) প্রার্থীর ব্যক্তিগত তথ্য এবং অনার্স ও মাস্টার্স পর্যায়ে তথ্য প্রার্থী নিজেই সংশোধন (প্রয়োজন অনুযায়ী) করতে পারবেন।
  - (v) সংশোধন কার্যক্রম নিজে দেখে সঠিক মনে হলে ফরমটি সাবমিট করে দিবেন এবং সাথে সাথে সংশোধিত Applicant's Copy দেখতে পাবেন। সর্বশেষ অর্থাৎ সংশোধিত Applicant's Copy পরবর্তী কার্যক্রমের জন্য সংরক্ষণ করবেন।
  - (vi) উক্ত প্রক্রিয়া অনুরসণ করে প্রার্থীর নিজ নিজ তথ্য সর্বোচ্চ ৩ (তিন) বার সংশোধনের সুযোগ পাবেন।
  - (vii) জাতীয় শিক্ষাবোর্ডের আওতা বহির্ভূত প্রার্থীগণও তাদের প্রয়োজনীয় তথ্য একই নিয়ম অনুসরণ করে সংশোধন করতে পারবেন।